

জ্ঞানমূলকঃ

১. বঙ্গবাণী কবিতাটি কোন শতকে রচিত?
২. বঙ্গবাণী কবিতাটির উৎস কী?
৩. প্রত্যেক মানুষই কোন ভাষায় শ্রষ্টাকে ডাকে?
৪. 'ভাগ' শব্দের অর্থ কী?
৫. আব্দুল হাকিম কোন যুগের কবি?
৬. হিন্দুর অক্ষর হিংসা করে কারা?
৭. কবি আব্দুল হাকিমের গ্রামের নাম কী?
৮. দেশী ভাষায় কাব্য রচনা করার পেছনে যুক্তি কী?
৯. বঙ্গবাণী কবিতার মূল কথা কী?
১০. 'যেই দেশে সেই বাক্য' বলতে কী বোঝানো হয়েছে?
১১. 'সংস্কৃত ভাষা' নিয়ে হিংসা করে কারা?
১২. 'বঙ্গবাণী' বলতে কী বোঝানো হয়েছে?
১৩. 'বঙ্গবাণী কবিতায় নিরঞ্জন বলতে কবি কী বুঝিয়েছেন?
১৪. কোন ভাষার উপদেশ হিতকর?
১৫. কবি আব্দুল হাকিমকে কারা বাংলা ভাষায় বাক্য রচনার জন্য অনুরোধ করেন?
১৬. 'বঙ্গবাণী' কবিতাটি কোন গ্রন্থ থেকে সংকলিত?

সৃজনশীলঃ

১. রফিকের ছেলে-মেয়েরা ইংরেজি স্কুলে পড়ছে। রফিক বিদেশি গান-বাজনা বেশি পছন্দ করেন। কথাও বলেন ইংরেজিতে। অন্যেরা তার সঙ্গে ইংরেজিতে তাল মেলাতে না পারলে তিনি অবজ্ঞা করে বলেন, 'তোরা তো এখনো বাঙালই রয়ে গেলি।' রফিকের মা প্রায়ই ছেলেকে বলেন, 'তোর সঙ্গে কথা বলে সুখ নাই।'

ক. 'বঙ্গবাণী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

খ. 'হিন্দুর অক্ষর' বলতে কী বোঝানো হয়েছে?

গ. 'তোরা তো এখনো বাঙালই রয়ে গেলি'- উক্তিটির মাধ্যমে রফিকের যে মানসিকতার পরিচয় পাওয়া যায়, সে সম্পর্কে কবির অভিমত ব্যাখ্যা করো।

ঘ. 'তোর সঙ্গে কথা বলে সুখ নাই'- রফিকের মায়ের এ উক্তি কবির মানসিকতাকেই সমর্থন করে- 'বঙ্গবাণী' কবিতার আলোতে বিশ্লেষণ করো।